

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
কলেজ শাখা

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৪১.০০১.২০.১

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭

০৭ জুন ২০২০

বিষয়: ফেসবুকে কলেজের নামীয় আইডির মাধ্যমে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি চলছে মর্মে বিজ্ঞপ্তি প্রচার করার কারণ দর্শানোর পত্র

সূত্র: ফেসবুকে কলেজের নামীয় আইডির মাধ্যমে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি চলছে মর্মে প্রচারিত বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা মহানগরীর দৌলতপুর কলেজ (দিবা-নৈশ)-এর পক্ষে ফেসবুকে কলেজের নামীয় আইডির মাধ্যমে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি চলছে বলে বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের একাদশ শ্রেণিতে ২০২০-২০২১ শিক্ষা বর্ষে ভর্তির নীতিমালা অনুসারে কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থীর মেধা ও পছন্দের ভিত্তিতে শিক্ষার্থী নির্বাচন করা হবে। এ ক্ষেত্রে কোন শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে "ভর্তি চলছে" মর্মে বিজ্ঞপ্তি প্রচার করা শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালার সুস্পষ্ট লঙ্ঘন। এমতাবস্থায়, ভর্তি নীতিমালা লঙ্ঘন করে এ ধরনের বিজ্ঞপ্তি সোশ্যাল মিডিয়ায় প্রচার করায় আপনার বিরুদ্ধে ভর্তি নীতিমালা লঙ্ঘনের দায়ে কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না, পত্র জারির ১০ দিনের মধ্যে তার কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।



৭-৬-২০২০

কে এম রব্বানী
কলেজ পরিদর্শক

অধ্যক্ষ

দৌলতপুর কলেজ (দিবা-নৈশ), দৌলতপুর, খুলনা

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৪১.০০১.২০.১/১(৪)

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭

০৭ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, খুলনা
- ৩) একান্ত সচিব (ভারপ্রাপ্ত), চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪) সেকশন অফিসার, অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



৭-৬-২০২০

কে এম রব্বানী
কলেজ পরিদর্শক